ভারী অস্ত্র উদ্ধারে সরকার সম্পূর্ণ সফল: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

নির্বাচন ঘনিয়ে আসায় দেশে অবৈধ ভারী অস্ত্র উদ্ধারের বিশেষ অভিযান চলছে এবং এতে সরকারের কোনো ধরনের ব্যর্থতা নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী।

শুক্রবার (৫ ডিসেম্বর) সকালে পূর্বাচলে ফায়ার সার্ভিস ট্রেনিং গ্রাউন্ডে ভলান্টিয়ার সম্মাননা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

পুলিশ কমিশন অধ্যাদেশ নিয়ে মন্তব্য করতে গিয়ে উপদেষ্টা জানান—এই আইন মূলত জনগণের সেবা নিশ্চিত করতেই করা হয়েছে। বাহিনীগুলোর যদি কোনো পরামর্শ বা আপত্তি থাকে, তা জানালে বিবেচনা করা হবে। তবে বিডিআর বিদ্রোহের তদন্ত প্রতিবেদন সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি মন্তব্য এড়িয়ে যান।

দুর্যোগ প্রতিরোধ ও জরুরি সহায়তা শক্তিশালী করতে সরকার ৫৫ হাজার ভলান্টিয়ারকে প্রশিক্ষণের পরিকল্পনা করেছে বলে জানান জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি আরও বলেন, ভলান্টিয়ারদের বাড়তি সুবিধা দেয়ার বিষয়েও সরকার ভাবছে।

অনুষ্ঠানে দায়িত্বশীল ভূমিকার স্বীকৃতি হিসেবে ফায়ার সার্ভিসের ২২ জন সদস্যকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।